# উল্লাপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি -২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মনিরুজ্জামান
চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২২-০২-২০২৪ খ্রিঃ । সময় ঃ সকাল ০৯.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | জানুয়ারি/২০২৪ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপড়া**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করেন। উপজেলার মোট ৬৮টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। ০১ টি নির্মাণাধীন আছে। সিএসবিএ (মাঠ) সেবা খাতে ১৬ জনের প্রশিক্ষণ আছে । এ এনসি ১-১৪৫, এ এনসি২-৯০, এ এনসি৩-৮৫, এ এনসি৪-৬৬। হাসপাতালে ই ও সি সেবা খাতে প্রতিবেদনাধীন মাসে এনভিডি ৬৩ জন, সিজার ১১ জন। যক্ষা ও কুষ্ঠ সেবা খাতে যক্ষা পরীক্ষা ৮৮২ জন, কেস ৮২ জন, লেপ্রসি ৫, কেস শুন্য। এ আর আই রোগী সেবা ৩১ জন। ডায়রিয়া সেবা ১২৬ জন। জন্ম ৯৫২ জন, মৃত্যু ১৮৭ জন। চিকিৎসা প্রাপ্ত রোগী বহিঃ ৪৯৩৭ জন, অন্তঃ ৪২০ জন, জরুরী ১৫৫৩ জন। ইপিআই সেবা ৯৮%, বেড অকুপেন্সি রেট ৮৬%। ভায়া ও সিবিই পরীক্ষা ভায়া ১১৫ (+১) সিবিই ১১৫ (+২)। | উপজেলার ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলোতে স্বাস্থ্য সেবার গুনগতমান নিশ্চিত করতে নিয়মিত মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৪ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কর্তৃক চলতি মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান ১৩১৩ টি, গবাদি পশুর টিকা প্রদান ৩৩৭৮০ টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান ১৩৭২০ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৮২৫০০, কৃত্রিম প্রজনন ১৪১০ টি, টিকা বিক্রি বাবদ টাকা ৬২৪২৫/-। কৃত্রিম প্রজনন ফি বাবদ টাকা ১০৫৭৫০/- টাকা। | লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলার সকল গবাদি প্রাণিকে টিকা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া**<br>চলতি বছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩০২৫০ হেক্টর। অদ্যাবধি রোপন সম্পন্ন হয়েছে ২০৮০৫ হেক্টর। বোরো জমিতে এলএলপি প্রযুক্তি বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>২। সরিষা আবাদে অর্জন হয়েছে ২৩৬১৫ হেক্টর এবং অদ্যাবধি কর্তন হয়েছে ১৯৫০৫ হেক্টর। সরিষার সার্বিক ফলন অত্যন্ত সন্তোষজনক হয়েছে এবং গড় ফলন ১.৬ মেঃ টন।<br>৩। সার মজুদ ও বিক্রয় পরিস্থিতি সন্তোষজনক। অদ্য ২২-০২-২০২৪ খ্রি. তারিখ সারের বর্তমান মজুদ ইউরিয়া ১০৫০ মেঃ টন, টিএসপি ২৯৫ মেঃ টন, এমওপি ১১৫ মেঃ টন, ডিএপি ৩০০ মেঃ টন। | সারের মজুদ পরিস্থিতি নিয়মিত মনিটরিং নিশ্চিত করতে হবে। সার নিয়ে কেউ যেন কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া**<br>সভায় উপস্থিত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া জানান উপজেলার বিভিন্ন বাজার ও আড়তে অবৈধ জাটকা ইলিশ, জেলি মিশ্রিত চিংড়ী, পিনাহার, আফ্রিকান মাগুর ক্রয়-বিক্রয় ও সরবরাহ বন্ধে অভিযান অব্যাহত রয়েছে। এছাড়া নিষিদ্ধ চায়না দুয়ারী জাল এর বিরুদ্ধে নদী ও খাল বিলে অভিযান অব্যাহত রয়েছে এবং এ বিষয়ে সকলকে সার্বিক সহযোগিতা প্রদান জন্য অনুরোধ জানান। | উপজেলার বিভিন্ন বাজার ও আড়তে অবৈধ জাটকা ইলিশ, জেলি মিশ্রিত চিংড়ী, পিনাহার, আফ্রিকান মাগুর ক্রয়-বিক্রয় ও সরবরাহ বন্ধে অভিযান জোরদার করতে হবে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৭ | **উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া**<br>১। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের ২৬ টি টেন্ডার কাজের মূল্যায়ন প্রায় শেষ পর্যায়ে চলতি মাসের মধ্যে NOA প্রদান করা হবে। জাইকা প্রকল্পের অধীনে উঁচু-নীচু বেঞ্চ এর অনুমোদন পাওয়া যায়। টেন্ডার আহবানের কাজ চলমান।<br>২। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দহখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পর্যাপ্ত জায়গা না থাকার এবং বিদ্যালয়ের সামনের মাঠটি মাদ্রাসার হওয়ার কারনে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা সম্ভব হচ্ছে না। বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রোগ্রামী সিকিউরিটির মেয়াদ শেষ হওয়ার পথে বিধায় চলতি মাসের মধ্যে বিদ্যালয়ের নির্মান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।<br>৩। উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাতের আওতায় উপজেলা যুব উন্নয়ন অফিস ও অফিসার্স ডরমেটরি মেরামতের জন্য টেন্ডার আহবান করা হয়। ঠিকাদার ইতোমধ্যে কাজটি সম্পন্ন করেছে। ঠিকাদারের হ্রাসকৃত ৫% অর্থ হতে যুব উন্নয়ন অফিসের দক্ষিণ দিকে রং এর কাজ করা হলে ভবনটি সুন্দর দেখাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে জাইকা প্রকল্পের আওতায় মধু প্রক্রিয়াজাতকরণ মেশিনটি ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে। ঠিকাদারের আবেদনের ভিত্তিতে চূড়ান্ত বিল প্রদান করা যেতে পারে। | ১। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের পিআইসি ও টেন্ডারের কাজ দ্রুত শুরু করতে হবে। কাজের গুনগত মান যাচাইঅন্তে চূড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিদ্যালয়ের নিজস্ব জায়গা না থাকার কারন উক্ত বিদ্যালয়ের টেন্ডারটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩। বিস্তারিত আলোচনান্তে ঠিকাদারের হ্রাসকৃত ৫% অর্থ হতে যুব উন্নয়ন অফিসের দক্ষিণ দিকে রং এর কাজ করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪। চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৮ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম তুলে ধরেন। প্রতিবেদনাধীন মাসে খাবার বড়ি বিতরণ নতুন ৩৫২ জন, কনডম নতুন ৬২ জন, ইনজেকশন ৩৯৮ জন, আইইউডি ২৮ জন, ইমপ্লান্ট ৫০ জন, পুরুষ বন্ধ্যাকরণ ০৪ জন, মহিলা বন্ধ্যাকরণ ১৯ জন। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ১২৬৪৩০ জনের মধ্যে মোট ১০৩৯১০ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী। বর্তমানে উপজেলার ১৪টি ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশুকল্যাণ কেন্দ্র, একটি এমসি এইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন গত ১৫/০২/২০২৪ খ্রি. তারিখ হতে এসএসসি, এসএসসি (ভোক), দাখিল ও দাখিল (ভোক) পরীক্ষা, ২০২৪ শুরু হয়েছে। উপজেলার মোট ০৭টি পরীক্ষা কেন্দ্রে উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ২০২৫ সালের জন্য সকল স্কুল ও মাদ্রাসায় বইয়ের চাহিদা চেয়ে পত্র প্রেরণসহ ছক প্রেরণ করা হচ্ছে। ইউআইটিআরসিই তে ১৬দিন ব্যাপী বেসিক প্রশিক্ষণ চলমান আছে। এতে ২৪জন শিক্ষক প্রশিক্ষন নিচ্ছেন। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন করা হচ্ছে না। বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৪ উপজেলা পর্যায়ের পর্ব গত ১৮-০২-২০২৪ খ্রি. তারিখ কাওয়াক হাসপাতাল মাঠে অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিতকরণে ক্লাস্টার ভিত্তিক বিদ্যালয় পরিদর্শন নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১১ | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া জানান বয়স্কভাতা খাতে ২৪২ জনের এবং বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলা ভাতা খাতে ১৮৩ জনের বরাদ্দ পাওয়া গেছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের | জরুরী ভিত্তিতে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলা ভাতা বাস্তবায়নের কার্যক্রম গ্রহন করতে হবে। ভাতা বিতরণে | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদনক্রমে ভাতা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। ইউপি চেয়ারম্যানগণকে অগ্রাধিকার অনুযায়ী ১৫/২০ জনের ভাতার তালিকা ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ উপজেলা সমাজ সেবা অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানান। তালিকাভুক্ত ব্যক্তিদের অবশ্যই অনলাইনে আবেদনকারী হতে হবে মর্মে সভায় ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করেন। | স্বচ্ছতা বজায় রাখতে হবে। | |
| ১২ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান, প্রতিবেদনাধীন মাসে যুব ঋণ বিতরণ হয়নি। চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ২৭,৬০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫,১৯,০০,০০০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে আদায়যোগ্য ঋণের পরিমান ২৩১৪৫০/- টাকা। যুব প্রশিক্ষণ পুরুষ ৩৪৬১ জন, মহিলা ২৪৬৭। আত্মকর্মী পুরুষ ২৮৭৬ জন, মহিলা ৯৩০ জন। ৬০ জন বেকার যুব ও যুব মহিলাকে স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে (গাভী পালন বিষয়ে) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখাসহ আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সময়পোযোগী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান, উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের আওতায় ০৭টি প্রকল্পের কাজ করা হয়। তন্মধ্যে ০৬টি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয়। পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে ছোট ছোট নির্মাণ কাজ করা হয়। ঋণ কার্যক্রমে মুক্তিযোদ্ধা প্রকল্পে ৩৮৩০০০/- টাকা খেলাপী আছে। ঋণ আদায় সন্তোষজনক। গত মাসে ০৩টি সমিতির ৫৭জন সদস্যের মাঝে ১৬,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের পরিমান ১,৩৫,৯৭,০০০/- টাকা। গত মাসে ঋণ আদায়ের পরিমান ২৯৭৩০০০/- টাকা। চলতি অর্থ বছরে ঋণ আদায়ের পরিমান ১,৪২,২৭,০০০/- টাকা। পিআরডিপি - ৩ প্রকল্পটি চলতি অর্থ বছরে অনুমোদনের অপেক্ষায় আছে। | খেলাপী ঋণ আদায়ের তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া জানান ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় মালামাল বিতরণ নির্দিষ্ট তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন কারণে ধার্য তারিখে মালামাল বিতরণ করা সম্ভব না হলে মৌখিকভাবে অথবা পত্র মারফত জানাতে হবে। সকল উপকারভোগী এবং তাদের পরিবারের সদস্যদের শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রতিমাসে ০৬জন এবং পৌরসভায় ১৩ জন ভাতাভোগী চুড়ান্ত নির্বাচন করা হয়। উপকারভোগীদের আবদেন গ্রহণের জন্য অবশ্যই অনলাইন জন্ম নিবন্ধন সনদ গ্রহণ করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরসহ অন্যান্য দপ্তর যাদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগী রয়েছে তাদের সকল উপকারভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৫ | **ইউপি চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের কৃষি জমিতে জলাবদ্ধতা রয়েছে। জলাবদ্ধতা নিরসন করতে না পারলে উক্ত জমিতে কোন ফসল উৎপাদন সম্ভব হবে না। তদুপরি উক্ত মৌজায় অধিকাংশ কৃষি জমিতে ইতোপূর্বেই পুকুর খনন করা হয়েছে ফলে অবশিষ্ট জমিতে জলাবদ্ধতা বৃদ্ধি পেয়েছে। জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান তার ইউনিয়নে জন্ম নিবন্ধন ফি'র অর্থ (২২,০০০/- ) জমা না হওয়ার বিষয়ে অডিট আপত্তি রয়েছে। অদ্যাবধি ইউপি সচিব উক্ত অর্থ জমা করে অডিট আপত্তি নিষ্পত্তির কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই। এ বিষয়ে ইউপি সচিবকে প্রয়োজনীয় | সরেজমিনে পরিদর্শন করে রামকৃষ্ণপুর ইউনিয়ন সহ অন্যান্য ইউনিয়নে যেখানে জলাবদ্ধতা রয়েছে সেখানে জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>দ্রুততম সময়ের মধ্যে অডিট আপত্তিকৃত অর্থ জমা দিয়ে আপত্তি নিষ্পত্তি করে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়াকে অবহিত করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া<br><br>ইউপি সচিব, রামকৃষ্ণপুর ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। | | |
| ১৬ | **ইউপি চেয়ারম্যান, সলঙ্গা ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নটি উন্নয়নের দিক দিয়ে পিছিয়ে আছে। বিধায় উপজেলার অন্যান্য ইউনিয়নের তুলনায় তার ইউনিয়নে উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করতে অধিক বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | সলঙ্গা ইউনিয়নে উন্নয়ন ত্বরান্বিত করতে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পগুলো চিহ্নিত করে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | চেয়ারম্যান, সলঙ্গা ইউপি |
| ১৭ | **ইউপি চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br>তিনি বলেন সড়ক ও জনপথ বিভাগের মাধ্যমে নির্মিত বাঙ্গালাপাড়া হতে উধুনিয়া বাজার পর্যন্ত রাস্তায় উত্তর পার্শ্বে ব্লক সরে গেছে এবং কোন কোন স্থানে ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে প্রাথমিক অবস্থায় মেরামত করা হলে বড় ধরণের ক্ষতি এড়ানো সম্ভব হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | বাঙ্গালাপাড়া হতে উধুনিয়া বাজার পর্যন্ত রাস্তায় ব্লক পুনস্থাপন ও ভাঙ্গন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হলো। | বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জানুয়ারি/২০২৪ মাসে সম্ভাব্য মোট ২,৮০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক বিল ভাতা খাতে ৩৫০০০/- টাকা। ফেব্রুয়ারি, ২০২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ ২১৬২৬/- টাকা । চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর বাসভবনে পূর্বের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ১৬০০০/- টাকার বিল পাওয়া গেছে। মালী উপজেলা পরিষদ এর জানুয়ারি, ২০২৪ মাসের ২৮ দিনের পারিশ্রমিক বাবদ ১৫৪০০/- টাকা এবং সুইপার মোঃ আরিফ আলীর ফেব্রুয়ারি, ২০২৪ মাসের ২৮ দিনের পারিশ্রমিক বাবদ ১৪০০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন। জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্যাপন ব্যয় বাবদ ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। এছাড়া চতুর্দশ গ্রন্থমেলা, ২০২৪ এর সার্বিক নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ ৫০,০০০/- টাকার মাস্টাররোল পাওয়া গেছে। আবাসিক ভবন মল্লিকায় পানির লাইন মেরামত বাবদ ২৪৯০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারে জন্য ক্রোকারিজ ক্রয় বাবদ ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা পরিষদের হাট বাজারসমূহ বাংলা ১৪৩১ সনে ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ আমাদের সময় পত্রিকা হতে ৩৩৯৮৪/- টাকার বিল পাওয়া গেছে। আসন্ন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৪ উদ্যাপন ব্যয় বাবদ ৫০,০০০/- টাকা উত্তোলন করা প্রয়োজন। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য ফেব্রুয়ারি, ২০২৪ মাসের ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১৯ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মানের বিষয়ে প্রয়োজনীয় তৎপরতা বৃদ্ধি করতে উপজেলা প্রশাসন ও উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। এছাড়া উপজেলার প্রতিটি ইউনিয়নে একটি করে শহীদ মিনার নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লাপাড়া উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মানের জন্য তৎপরতা বৃদ্ধিসহ উপজেলা প্রতিটি ইউনিয়নে একটি করে শহীদ মিনার নির্মানের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>১। উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান।<br>২। ইউনিয়ন পরিষদসমূহ হতে জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য ফি আদায়ের ক্ষেত্রে অবশ্যই রশিদ বহি ব্যবহার করতে হবে এবং নিয়মিত মুড়ি সংরক্ষণ করতে হবে ও মুড়ি হিসাবে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে ক্যাশ বহি হালনাগাদ রাখতে হবে। এছাড়া জন্ম নিবন্ধন সংক্রান্ত অন্যান্য রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন।<br>জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য ফি আদায়ের ক্ষেত্রে অবশ্যই রশিদ বহি ব্যবহার করতে হবে এবং নিয়মিত মুড়ি সংরক্ষণ করতে হবে ও মুড়ি হিসাবে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে ক্যাশ বহি হালনাগাদ রাখতে হবে | বিভাগীয় কর্মকর্তাগণ<br>ইউপি সচিব (সকল), উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | ৩। সম্প্রতি ইউনিয়ন পরিষদসমূহ পরিদর্শনকালে দেখা যায় ইউনিয়ন পরিষদ মাসিক সভার হাজিরা ও কার্যবিবরণী যথাযথভাবে নথিতে সংরক্ষণ করা হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে হাজিরা ও কার্যবিবরণী দেখাতেও ইউপি সচিবগণ অপারগতা প্রকাশ করছেন। বিষয়টি দাপ্তরিক কাজের ক্ষেত্রের দায়িত্ব ও কর্তব্যের প্রতি চরম অবহেলার সামিল। আগামীতে নিয়মিত মাসিক সভা আয়োজন এবং হাজিরা ও কার্যবিবরনী যথাযথভাবে নথিতে সংরক্ষণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবগণকে অনুরোধ জানানো হলো। | ইউনিয়ন পরিষদসমূহে নিয়মিত মাসিক সভা আয়োজন এবং হাজিরা ও কার্যবিবরনী যথাযথভাবে নথিতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব (সকল), উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্পসমূহ কাজ দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের আওতায় গৃহীত প্রকল্পসমূহের গুনগত মান নিশ্চিত করে চুড়ান্ত বিল পরিশোধের জন্য নথি উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়। অনেক সময় দেখা যায় কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার কাজ পাওয়ার পর উক্ত কাজ অন্য কারো কাছে বিক্রি করে দেয়। এতে কাজের গুনগত বজায় রাখার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। বিষয়টি কঠোর তদারকি নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৩-২০২৪ এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্পসমূহ যথাসময়ের মধ্যে সম্পন্ন করে এবং কাজের গুনগত মান নিশ্চিত করে চুড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২/০২/২৪

(মোঃ মনিরুজ্জামান)
চেয়ারম্যান(অস্থায়ী), উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩-২৩৯ তারিখ : ২২-০২-২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ----------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

22.02.24

(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ